যুগান্তর

তারিখ 27 DEC 2016
পৃষ্ঠা ৩১ কলাম ৬

কারমাইকেল কলেজ

# ছাত্রলীগের পদবঞ্চিতদের বিক্ষোভ : অধ্যক্ষ অবরুদ্ধ

রংপুর ব্যুরো

কারমাইকেল কলেজ শাখা ছাত্রলীগের কমিটি নিয়ে অভ্যন্তরীণ কোন্দল চরমে পৌঁছেছে। পদবঞ্চিতরা এ নিয়ে সোমবার কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। তারা এ সময় অধ্যক্ষকে তার কক্ষে এক ঘণ্টা অবরুদ্ধ করে রাখে। বিক্ষোভকারীরা এ সময় গঠিত কমিটি শনিবারের মধ্যে বাতিল করা না হলে ধর্মঘট ডাকার হুমকি দিয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, মিছিলকারীরা ক্যাম্পাসের বিভিন্ন এলাকা প্রদক্ষিণ শেষে নগরীর লালবাগ এলাকায় সমাবেশ করে। সমাবেশ শেষে তারা কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. আবদুল লতিফ মিয়াকে দুপুর ১২টা থেকে ১টা পর্যন্ত তার কক্ষে অবরুদ্ধ করে রাখে। সেখানে তারা গঠিত কমিটি বাতিলের দাবি জানিয়ে বিভিন্ন স্লোগান দেয়।

এ সময় সমাবেশে ছাত্রলীগ নেতা সাগর হাসান হাবীবের সভাপতিত্বে ও মেহেদী হাসান মিলনের সঞ্চালনায় বক্তব্য রাখেন, ছাত্রলীগ নেতা মুশফিকুর রহীম, আশরাফুল আলম আশরাফ, মনিরুজ্জামান তালুকদার মনির, আবদুর রাজ্জাক, দীপেন চন্দ্র, শাহাদত হোসেন, রুহুল আমীন প্রমুখ।